গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mhapsd.gov.bd

**জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৯ ডিসেম্বর ২০২১ |
| সময় | : | দুপুর ০৩:০০ টা |
| স্থান | : | সভা কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২১ সংশোধন করা হয়েছে এবং দপ্তর/সংস্থা ও আঞ্চলিক মাঠ পর্যায়ের অনুসরণের জন্য এ সংশোধনী প্রেরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনায় যে পরিবর্তন আনয়ন করা হয়েছে তা বর্তমান সময়ের জন্য খুবই যুগোপযোগী। দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটিকে আরও সক্রিয় ভূমিকা পালন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা ও অনুশাসনসমূহ প্রত্যেককে যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং দপ্তর/সংস্থা প্রধানদের সক্রিয় ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।

২. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিজ নিজ দপ্তর/সংস্থার তথ্য বাতায়নে হালনাগাদ তথ্য (update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ, প্রতি কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কমিটি ও দপ্তর/সংস্থাসমূহের নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করাসহ কমিটির সংশ্লিষ্ট সদস্যদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

৩. জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্টায়, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হলে প্রয়োজনে নৈতিকতা কিমিটির সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

৪. শুদ্ধাচার পুরস্কার সংশোধন নীতিমালা ২০২১- এ যে সকল কর্মকর্তা/কর্মচারীকে এ পুরস্কার প্রদান করা হবে তাদেঁর চাকুরীর খতিয়ান, জীবন বৃত্তান্ত যাচাই বাছাই পূর্বক শুদ্ধাচার পুরস্কার সংশোধন নীতিমালা ২০২১ সম্পুর্ণরূপে অনুসরণ পূর্বক পুরস্কার প্রদান করতে হবে।

৫. জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদান চুক্তি (APA), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), উদ্ভাবনী কার্যক্রম ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বাস্তবায়নের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ সচেষ্ট রয়েছে বলে সভায় অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) জানান। এছাড়া নিজ নিজ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ (update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় আলোচনা হয়।

৬. সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের সদস্যবৃন্দ পৃথক পৃথকভাবে তাঁদের দপ্তর/সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২১-২০২২ অর্থবছরে জননিরাপত্তা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে ঐকমত পোষণ করেন এবং যথাসময়ে নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

৭. সিদ্ধান্তসমূহ

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৭.১ | শুদ্ধাচার পুরস্কার সংশোধন নীতিমালা ২০২১- এ যে সকল কর্মকর্তা/কর্মচারীকে এ পুরস্কার প্রদান করা হবে তাঁদের চাকুরীর খতিয়ান, জীবন বৃত্তান্ত যাচাই বাছাই পূর্বক শুদ্ধাচার পুরস্কার সংশোধন নীতিমালা ২০২১ সম্পুর্ণরূপে অনুসরণ করে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। | জননিরাপত্তা বিভাগ<br>ও<br>আওতাধীন<br>দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

| | | |
|---|---|---|
| ৭.২ | জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্টায়, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হলে নৈতিকতা কিমিটির সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো। | জননিরাপত্তা বিভাগ শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৭.৩ | জননিরাপত্তা বিভাগের অফলাইনে ও অনলাইনে আনিত সকল প্রকার অভিযোগ নিয়মানুসারে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইন ও শৃঙ্খলা অনুবিভাগ জননিরাপত্তা বিভাগ |
| ৭.৪ | নিজ নিজ দপ্তর/সংস্থায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনের নিমিত্ত Stakeholders কমিটির সভা আয়োজন করবে এবং মন্ত্রণালয়ের প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৭.৫ | ২০২১-২০২২ অর্থ বছরে ১ম কোয়ার্টারে ৩০/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ণ অগ্রগতি প্রতিবেদন আগামী ১০/০১/২০২২ তারিখের মধ্যে কার্যবিবরণীসহ এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |

৮.০ **জুলাই-সেপ্টেম্বর/২০২১- ১ম কোয়ার্টার অবাস্তবায়িত নিম্নবর্ণিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৮.১ | মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুসরণ পূর্বক জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর ও সংস্থাসমূহ ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান সম্পন্ন করবে। | 'শুদ্ধাচার পুরস্কার সংশোধনী নীতিমালা ২০২১' অনুসরণ করে পুরস্কারের কার্যক্রম চুড়ান্ত পর্যায়ে। | জননিরাপত্তা বিভাগ শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি |

৯. সভাপতি উপস্থিত সকলকে তাঁদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/১১/০১/২০২২
(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

নং-৪৪.০০.০০০০.০২১.৯৯.০০৭.২০২১- ১৭

তারিখ: ২৭ পৌষ ১৪২৮
১১ জানুয়ারি ২০২২

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব.........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৭। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা।
৮। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আইসিটি সেল/ সীমান্ত-৩/আইন-২/পরিকল্পনা-১/পুলিশ-৩/রাজনৈতিক-১/বাজেট-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি)।
৯। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা{(সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি) সভার কার্যবিবরণীটি শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের জন্য অনুরোধ করা হলো}।

**অনুলিপি:**

১। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১১/১/২০২২

আশাফুর রহমান
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: **admin3@mhapsd.gov.bd**